



রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ

রূপালী লাইফ টাওয়ার, ৫০ কাকরাইল, ঢাকা-১০০০।
পিএবিএক্স : ৮৩৯২৩৬১-৪, ফ্যাক্স : ০২-৮৩৯২৩৭০
E-mail: rupali_life@yahoo.com, website: rupalilife.com

২০তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড-এর ২০তম বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত কার্যাবলী সম্পাদনের জন্য আগামী ২৮ অক্টোবর, ২০২০ বুধবার, বেলা ১০.০০ ঘটিকায় ডিজিটাল প্লার্টফর্ম <https://rupalilifeinsurance.bdvirtualagm.com> এই লিংকের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

- ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকদের প্রতিবেদন এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
- ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সমাপ্ত বছরের পরিচালনা পর্ষদের সুপারিশকৃত লভ্যাংশ অনুমোদন।
- পরিচালক নির্বাচন/পুনঃনির্বাচন।
- ২০২০ সালের জন্য কোম্পানীর নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।
- ২০২০ সালের জন্য কোম্পানীর কর্পোরেট গভর্নেন্স নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।

পরিচালনা পর্ষদের আদেশক্রমে

মোঃ আমিরুল ইসলাম (মুকিত)
কোম্পানী সচিব

ঢাকা
১৩ অক্টোবর ২০২০

দ্রষ্টব্য :

রেকর্ড ডেট ০১ অক্টোবর, ২০২০

- কোম্পানী শেয়ারহোল্ডার যাদের নাম রেকর্ড ডেট-এ সিডিবিএল এ রেকর্ডভুক্ত থাকবে কেবলমাত্র তারাই বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ, ভোটদান এবং লভ্যাংশ পাওয়ার যোগ্য হবেন।
- সম্মানিত শেয়ারহোল্ডারগণ বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করার জন্য <https://rupalilifeinsurance.bdvirtualagm.com> এই লিংকে প্রবেশ করতে হবে যার ইউজার আইডি: বিও হিসাব নম্বর এবং পাসওয়ার্ড হিসেবে রেকর্ড ডেট এ ধারণকৃত শেয়ারের পরিমাণ প্রদান করতে হবে। শেয়ারহোল্ডারগণ তাদের প্রশ্ন ও মতামত সভা শুরু ২৪ ঘন্টা পূর্বে ইলেক্ট্রনিক পদ্ধতি ব্যবহারের মাধ্যমে প্রদান করতে হবে। ভার্চুয়াল সভায় অংশগ্রহণের জন্য প্রযুক্তিগত কোন সমস্যার সৃষ্টি হলে +৮৮-০১৮৪৭-১৩৩৭২২ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ রইল।
- বার্ষিক সাধারণ সভায় যোগদান ও ভোট প্রদানের যোগ্য একজন শেয়ারহোল্ডার তার পক্ষে বার্ষিক সাধারণ সভায় যোগদান ও ভোট প্রদানের জন্য একজন প্রক্সি নিয়োগ দিতে পারবেন। প্রক্সিকে কোম্পানীর একজন শেয়ারহোল্ডার হতে হবে এবং যথাযথভাবে পূরণকৃত ও উপযুক্ত পরিমাণ স্ট্যাম্প লাগানো প্রক্সি ফরম কোম্পানীর নিবন্ধিত কার্যালয়ে সভা শুরুর ৭২ ঘন্টা পূর্বে জমা দিতে হবে।
- বার্ষিক প্রতিবেদন-২০১৯ শেয়ার হোল্ডারগণের ই-মেইল ঠিকানায় প্রেরণ করা হবে। এছাড়াও বার্ষিক প্রতিবেদন-২০১৯ কোম্পানীর www.rupalilife.com ওয়েবসাইটে পাওয়া যাবে এবং শেয়ার বিভাগ থেকে সংগ্রহ করা যাবে।
- মার্চেন্ট ব্যাংক এবং ডিপোজিটরী পার্টিসিপেন্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা রূপালী লাইফ ইনসিওরেন্স কোং লিঃ এর শেয়ার মার্জিন লোন অধিভুক্ত তাদের বিবরণী আগামী ০১ নভেম্বর, ২০২০ তারিখের মধ্যে কোম্পানী সচিব বরাবর পৌছানোর জন্য অনুরোধ করা হলো। অন্যথায় লভ্যাংশ প্রদানে কোন ধরনের ভুলত্রাস্তির দায় কোম্পানী বহন করবে না।
- সকল ক্ষেত্রে বি.এস.ই.সি এর নির্দেশনা প্রযোজ্য হবে।